সাহিত্যে খেলা

প্রমথ চৌধুরী

[১৮৬৮–১৯৪৬]

'সাহিত্যে খেলা' প্রবন্ধে সাহিত্যের প্রকৃত স্বরূপ, তার উদ্দেশ্য এবং সাহিত্যিকদের যথার্থ করণীয় সম্পর্কে আলোকপাত করা হয়েছে। প্রাবন্ধিক প্রমথ চৌধুরীর মতে, সাহিত্যের উদ্দেশ্য হলো সকলকে আনন্দদান করা, কারো মনোরঞ্জন করা নয়। সমাজের মনোরঞ্জন করতে গেলে সাহিত্য তার স্বধর্মচ্যুত হয়ে পড়ে। অন্যদিকে, সাহিত্যের উদ্দেশ্য শিক্ষাদান করাও নয়। কেননা, পাঠ্যবিষয় মানুষ অনেকটা অনিচ্ছায় এবং বাধ্য হয়েই পড়ে থাকে; অথচ সাহিত্য পড়ে মানুষ স্বেচ্ছায় এবং আনন্দে। সাহিত্যে যে রসাস্বাদনের সুযোগ আছে, পাঠ্যবইয়ে সেটি নেই। তাই সেই রসাস্বাদন করতেই মনের আনন্দে প্রচণ্ড আগ্রহ নিয়ে মানুষ স্বেচ্ছায় সাহিত্য পাঠ করে থাকে। এছাড়া সাহিত্য যেভাবে মানুষের মনের অনুভূতিকে নাড়া দিতে পারে, পাঠ্যবই তা পারে না। এ কারণেই প্রাবন্ধিক বলেছেন, শিক্ষার উদ্দেশ্য হলো মানুষের মনকে বিশ্বের খবর জানানো আর সাহিত্যের উদ্দেশ্য মানুষের মনকে জাগানো। প্রাবন্ধিকের মতে, সাহিত্যের সাথে তুলনা চলে খেলাধুলার। এ ধরনের খেলায় যেমন আনন্দ লাভ করাটাই মুখ্য, তেমনই সাহিত্যের উদ্দেশ্যও ঠিক তাই।

AUDIO BOOK শুরুতেই বোর্ড বই থেকে 'সাহিত্যে খেলা' প্রবন্ধটি পড়ে নাও। অথবা মোবাইলে Audio Book শোনার জন্য QR Code স্ক্যান করো।

অধ্যায় অ্যাসেসমেন্ট ছক			
ছক-১	ছক-২	ছক-৩	3A পেলে অর্জিত হবে A+

বিস্তারিত জানতে পৃষ্ঠা ২ দেখো

■ অধ্যায়টির শিখনফল

Tutor: এখানে অধ্যায়ের শিখনফলগুলোর গুরুত্ব স্টার (★) চিহ্নিত করে বোঝানো হয়েছে। এ অধ্যায়টি পুনর্বিন্যাসকৃত সিলেবাসে নতুন সংযোজিত হয়েছে; তাই এখানে বোর্ড পরীক্ষার প্রশ্ন নেই। এ অধ্যায়ে কোন শিখনফলের ওপর কোন কোন প্রশ্ন রয়েছে সেসব এ ছক থেকে জানতে পারবে তুমি।

	শিখনফল	বোর্ড ও সাল	প্রশ্ন নম্বর
★★	১. সাহিত্য রচনার উদ্দেশ্যের স্বরূপ।	—	৩
★★	২. মনোরঞ্জনধর্মী সাহিত্যের স্বরূপ।	—	৪, ৫
★★	৩. সাহিত্যের সাথে খেলার যোগসূত্রের ধারণা।	—	৬, ৭, ৮
★★	৪. সাহিত্য নিয়ে খেলা করার ব্যাপারে শিল্পীর যোগ্যতা ও অধিকার।	—	২, ৫, ৭
★★	৫. সাহিত্যের সাথে শিক্ষার পার্থক্য সম্পর্কিত ধারণা।	—	১, ৯, ১০
★	৬. সাহিত্যের স্বধর্মচ্যুত হয়ে পড়া সম্পর্কিত ধারণা।	—	৫
★	৭. কাব্যরস আস্বাদনে আমাদের মনোভাবের স্বরূপ।	—	৮, ১০
★	৮. প্রবন্ধে বর্ণিত শিক্ষকদের স্বরূপ।	—	১০
★★	৯. উৎকৃষ্ট সাহিত্যের বৈশিষ্ট্যের স্বরূপ।	—	১, ১১

অ্যানালাইসিস

- **পাঠ বিশ্লেষণ** | পৃষ্ঠা ১০২
  - ✓ পাঠ সহায়ক বিষয়বস্তু | পৃষ্ঠা ১০২
  - ✓ কুইজের উত্তরমালা | পৃষ্ঠা ১০৭

অ্যাপ্লিকেশন

- **সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন** | পৃষ্ঠা ১০৮
  - ✓ অনুশীলনীর প্রশ্ন ✓ মাস্টার ট্রেইনার প্রণীত প্রশ্ন
- **জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন** | পৃষ্ঠা ১১৬
- **সৃজনশীল রচনামূলক প্রশ্ন** | পৃষ্ঠা ১২২
  - ✓ অনুশীলনীর প্রশ্ন ✓ মাস্টার ট্রেইনার প্রণীত প্রশ্ন

অ্যাসেসমেন্ট

- **নিজেকে যাচাই করি** | পৃষ্ঠা ১৩৩
  - ✓ প্রশ্নব্যাংক | পৃষ্ঠা ১৩৩
- **অধ্যায়ভিত্তিক মডেল টেস্ট** | পৃষ্ঠা ১৩৫
  - ✓ সৃজনশীল বহুনির্বাচনি অভীক্ষা | পৃষ্ঠা ১৩৫
  - ✓ সৃজনশীল রচনামূলক অভীক্ষা | পৃষ্ঠা ১৩৬

অ্যাপ্লিকেশন অংশ: সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

১৬৬টি বহুনির্বাচনি প্রশ্ন ■ ১২৭টি সাধারণ ■ ২৫টি বহুপদী সমাপ্তিসূচক ■ ১৪টি অভিন্ন তথ্যভিত্তিক

বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর — নতুন বোর্ড বইয়ের আলোকে

Tutor: বোর্ড বইয়ের এ প্রশ্নগুলো গুরুত্বপূর্ণ তথ্য ও শিখনফলের আলোকে তৈরি। এগুলো থেকে ঘুরিয়ে-ফিরিয়ে যেসব প্রশ্ন হতে পারে সেগুলো কমন পাওয়ার জন্য দেওয়া হয়েছে প্রশ্ন ও উত্তর-সম্পর্কিত আরও তথ্য, যা অনুশীলন করলে সংশ্লিষ্ট যেকোনো প্রশ্নের উত্তর করতে পারবে তুমি।

গদ্য

১. 'পরার্থ' শব্দের অর্থ কোনটি?
ক পারিতোষিক খ মনোজগৎ
গ পরোপকার ঘ মনোরঞ্জন **গ**
[সূত্র: বোর্ড বইয়ের শব্দার্থ ও টীকা, পৃষ্ঠা-৩৭]

প্রশ্ন ও উত্তর সম্পর্কিত আরও তথ্য
- পরার্থ হলো— অন্যের উপকার করা।
- আমাদের পক্ষে সর্বপ্রধান কর্তব্য হলো— স্বার্থ এবং পরার্থ এ দুয়ের যুগপৎ সাধনের জন্য মনোজগতে খেলা করা।

২. লেখকের মতে সাহিত্যের উদ্দেশ্য কোনটি?
ক সমাজের মনোরঞ্জন করা খ অন্যের মনের অভাব পূর্ণ করা
গ মানুষের মনকে জাগানো ঘ মনকে বিশ্বের খবর জানানো **গ**
[সূত্র: বোর্ড বইয়ের পাঠ-পরিচিতি, পৃষ্ঠা-৩৬]

প্রশ্ন ও উত্তর সম্পর্কিত আরও তথ্য
- প্রমথ চৌধুরীর মতে— সাহিত্যের উদ্দেশ্য মনোরঞ্জন করা নয়।
- মনোরঞ্জন করতে গেলে সাহিত্য— স্বধর্মচ্যুত হয়ে পড়ে।

৩. সাহিত্য 'স্বধর্মচ্যুত' হয় তখন, যখন সাহিত্যচর্চা হয়—
ক ফললাভের আকাঙ্ক্ষা শূন্য
খ জনসাধারণের মনোরঞ্জনের জন্য
গ জনসাধারণের মঙ্গলের জন্য
ঘ শিল্পীচিত্তের সম্পূর্ণতার লক্ষ্যে **খ**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৩৫]

প্রশ্ন ও উত্তর সম্পর্কিত আরও তথ্য
- 'স্বধর্মচ্যুত' অর্থ— নিজস্ব বৈশিষ্ট্য থেকে বিচ্যুতি।
- বাংলাদেশে দুর্লভ নয়— সাহিত্যের স্বধর্মচ্যুতির প্রমাণ।
- লেখকেরা দশের কাছে প্রত্যাশা রাখেন— হাততালি।
- পাঠকসমাজকে আনন্দ দিতে গেলে তারা— বেদনা বোধ করে।
- কাব্যজগতে যার নাম আনন্দ তারই নাম— বেদনা।

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৪ ও ৫ নম্বর প্রশ্নের উত্তর দাও।
প্রচার শেষে জ্ঞানের কথার উদ্দেশ্য সফল। কিন্তু হৃদয়ভাবের কথা প্রচারে শেষ হয় না। তা কালজয়ী।

৪. 'সাহিত্যে খেলা' প্রবন্ধে অনুচ্ছেদটির 'জ্ঞানের কথা'র সমার্থক ভাব হলো—
i. খবর প্রদান
ii. পাঠকের মনতুষ্টি
iii. মুখস্থবিদ্যা
নিচের কোনটি ঠিক?
ক i খ i ও ii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৩৭]

প্রশ্ন ও উত্তর সম্পর্কিত আরও তথ্য
- শিক্ষার উদ্দেশ্য হলো— মানুষের মনকে বিশ্বের খবর জানানো।
- অপরের মনের অভাব পূর্ণ করার উদ্দেশ্যেই— শিক্ষকের হস্তে শিক্ষা জন্মলাভ করেছে।
- শিক্ষাদান করা বা জ্ঞানের কথা জানানো— সাহিত্যের উদ্দেশ্য নয়।
- শিক্ষকের কাজ— কবির কাজের ঠিক উলটা।

৫. 'সাহিত্যে খেলা' প্রবন্ধ অনুসারে নিচের কোনটি অনুচ্ছেদের মূলভাবের সঙ্গে অধিক সংগতিপূর্ণ?
ক মনের শূন্যতা পূর্ণ করাই সাহিত্যের লক্ষ্য
খ কল্যাণ সাধন করা সাহিত্যের প্রধান উদ্দেশ্য
গ প্রশংসা অর্জনের জন্য সাহিত্যের সৃষ্টি
ঘ মনের সঙ্গে সম্পর্ক রচনা সাহিত্যের বৈশিষ্ট্য **ঘ**
[সূত্র: বোর্ড বইয়ের মূলপাঠ, পৃষ্ঠা-৩৭]

প্রশ্ন ও উত্তর সম্পর্কিত আরও তথ্য
- সাহিত্য রচনাকে লেখক চিহ্নিত করেছেন— আত্মার লীলা হিসেবে।
- সাহিত্যে খেলা করে— মানবাত্মা।

মাস্টার ট্রেইনার প্রণীত প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারাক্রম অনুসারে

Tutor: বোর্ড বইটি পড়ো অথবা **Audio Book** থেকে টপিকটি শোনো। গুরুত্বপূর্ণ তথ্য মনে রাখতে **TOP TIPS** দেখো। এরপর হাত দিয়ে উত্তর ঢেকে প্রশ্নগুলো অনুশীলন করো। মাস্টার ট্রেইনার প্রণীত এ প্রশ্নগুলো অনুশীলন করলে অধ্যায়টির সকল টপিকের ওপর বহুনির্বাচনি প্রশ্নের প্রস্তুতি সম্পন্ন হবে তোমার।

★ লেখক-পরিচিতি | বোর্ড বই পৃষ্ঠা-৩৪

TOP TIPS

১. প্রমথ চৌধুরীর জন্ম— ১৮৬৮ সালে।
২. প্রমথ চৌধুরীর জন্মস্থান— যশোর।
৩. প্রমথ চৌধুরীর পৈতৃক নিবাস— পাবনা জেলার হরিপুর গ্রামে।
৪. প্রমথ চৌধুরীর মৃত্যু— ১৯৪৬ সালে।
৫. বাংলা সাহিত্যে চলিত গদ্যরীতির প্রবর্তক— প্রমথ চৌধুরী।
৬. গল্প ও কবিতা রচনায় সিদ্ধহস্ত ছিলেন— প্রমথ চৌধুরী।
৭. প্রমথ চৌধুরীর বহু রচনা প্রকাশিত হয়েছে— 'বীরবল' ছদ্মনামে।
৮. সাহিত্যের উদ্দেশ্য সম্পর্কে তিনি ছিলেন— আনন্দবাদী ধারার অনুসারী।
৯. সবুজপত্রের সম্পাদক— প্রমথ চৌধুরী।
১০. সবুজপত্রের প্রকাশকাল— ১৯১৪ সাল।
১১. সাহিত্যে প্রবন্ধ রচনায় বড়ো লেখক হিসেবে বাংলা সাহিত্যে প্রমথ চৌধুরীর— বিশেষ সুখ্যাতি আছে।
১২. প্রমথ চৌধুরীর উল্লেখযোগ্য গ্রন্থসমূহ— 'চার-ইয়ারী-কথা', 'বীরবলের হালখাতা', 'রায়তের কথা', 'তেল-নুন-লকড়ি'।

▶ **সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

৬. প্রমথ চৌধুরী কত সালে জন্মগ্রহণ করেন? [জ্ঞান]
ক ১৮৫৮ খ ১৮৬৮
গ ১৮৪৮ ঘ ১৮৭৮ **খ**

৭. প্রমথ চৌধুরী কোন জেলায় জন্মগ্রহণ করেন? [জ্ঞান]
ক ঢাকা খ চট্টগ্রাম
গ যশোর ঘ খুলনা **গ**

৮. প্রমথ চৌধুরীর পৈতৃক নিবাস কোথায়? [জ্ঞান]
ক ঢাকা জেলায় খ পাবনা জেলায়
গ ময়মনসিংহ জেলায় ঘ রংপুর জেলায় **খ**

৯. প্রমথ চৌধুরীর সাথে নিচের কোন গ্রামের সম্পর্ক রয়েছে? [প্রয়োগ]
ক হরিপুর গ্রামের খ গৌরীপুর গ্রামের
গ গোবিন্দপুর গ্রামের ঘ কাশিপুর গ্রামের **ক**

১০. চলিত গদ্যরীতির প্রবর্তক কে ছিলেন? [জ্ঞান]
(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (খ) প্রমথ চৌধুরী
(গ) মাইকেল মধুসূদন দত্ত (ঘ) সৈয়দ ওয়ালীউল্লাহ্ — (খ)

১১. প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী? [জ্ঞান]
(ক) যাযাবর (খ) বীরবল
(গ) টেকচাঁদ ঠাকুর (ঘ) বনফুল — (খ)

১২. 'সবুজপত্র' পত্রিকার সম্পাদকের নাম কী? [জ্ঞান]
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) প্রমথ চৌধুরী
(গ) কাজী নজরুল ইসলাম (ঘ) সমরেশ বসু — (খ)

১৩. 'সবুজপত্র' পত্রিকাটি প্রথম প্রকাশিত হয় কত সালে? [জ্ঞান]
(ক) ১৯১০ সালে (খ) ১৯১২ সালে
(গ) ১৯১৪ সালে (ঘ) ১৯১৬ সালে — (গ)

১৪. কোন পত্রিকা চলিত গদ্য রীতির বাহন হয়েছিল? [জ্ঞান]
(ক) বঙ্গদর্শন (খ) সবুজপত্র
(গ) সমাচার দর্পণ (ঘ) সংবাদ প্রভাকর — (খ)

'সবুজপত্র' পত্রিকার প্রকাশকাল ১৯১৪ সাল। সবুজপত্রের সম্পাদক ছিলেন প্রমথ চৌধুরী।

উপরের চিহ্নটি দিয়ে সংশ্লিষ্ট প্রশ্নটির উত্তরের ব্যাখ্যা দেওয়া হয়েছে। কঠিন প্রশ্নগুলো ভালোভাবে বুঝে নিতে এ ব্যাখ্যা তোমাকে সাহায্য করবে।

১৫. সাহিত্যিক প্রবন্ধ রচনার বড়ো লেখক হিসেবে বাংলা সাহিত্যে কার বিশেষ সুখ্যাতি আছে? [জ্ঞান]
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) প্রমথ চৌধুরী
(গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (ঘ) জসীমউদ্দীন — (খ)

১৬. 'বীরবলের হালখাতা' গ্রন্থটির রচয়িতা কে? [জ্ঞান]
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) প্রমথ চৌধুরী
(গ) কাজী নজরুল ইসলাম (ঘ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর — (খ)

১৭. 'সনেট পঞ্চাশৎ' কার রচনা? [জ্ঞান]
(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (খ) মাইকেল মধুসূদন দত্ত
(গ) প্রমথ চৌধুরী (ঘ) সৈয়দ ওয়ালীউল্লাহ্ — (গ)

১৮. কোনটি প্রথম চৌধুরী রচিত প্রবন্ধগ্রন্থ? [অনুধাবন]
(ক) নীললোহিত (খ) সনেট পঞ্চাশৎ
(গ) নানা কথা (ঘ) চার-ইয়ারী-কথা — (গ)

১৯. প্রমথ চৌধুরী কত খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন? [জ্ঞান]
(ক) ১৯৪৪ (খ) ১৯৪৫
(গ) ১৯৪৬ (ঘ) ১৯৪৭ — (গ)

★★ মূলপাঠ | বোর্ড বই পৃষ্ঠা-৩৪

TOP TIPS

১. সাহিত্য তুলনীয়— খেলাধুলার সঙ্গে।
২. খেলাধুলার উদ্দেশ্য— নিছক আনন্দ লাভ।
৩. সাহিত্যের উদ্দেশ্য— সকলকে আনন্দ দেওয়া।
৪. সাহিত্যের উদ্দেশ্য নয়— কারো মনোরঞ্জন করা।
৫. জগদ্বিখ্যাত ফরাসি ভাস্কর— রোদ্যাঁ।
৬. আঙুলের টিপে মাটির পুতুল তৈরি করতেন— রোদ্যাঁ।
৭. আমরা দর্শক এবং শ্রোতৃমণ্ডলীর নয়ন মন আকর্ষণ করতে পারি না— একটু উঁচুতে না চড়লে।
৮. আমাদের উপদেশ কেউ মানে না— বেদিতে না বসলে।
৯. আমাদের অভিনয় কেউ দেখে না— রঙ্গমঞ্চে না চড়লে।
১০. আয়ত্তের বহির্ভূত উচ্চস্থানে ওঠার চেষ্টা— মহাপতনের কারণ হয়।
১১. একমাত্র খেলার ময়দানে— ব্রাহ্মণ শূদ্রের প্রভেদ নেই।
১২. কবি মনের নিত্য নৈমিত্তিক কর্ম হলো— বিশ্ব মানবের মনের সঙ্গে নিত্য নূতন সম্বন্ধ পাতানো।
১৩. আমাদের বক্তৃতা কেউ শোনে না— কাষ্ঠমঞ্চে না দাঁড়ালে।
১৪. মানুষের দেহমনের সকল প্রকার ক্রিয়ার শ্রেষ্ঠ ক্রিয়া— ক্রীড়া।
১৫. মানুষের উদ্দেশ্যহীন একমাত্র ক্রিয়া— ক্রীড়া।
১৬. যে খেলার ভিতরে আনন্দ নেই এবং উপরি পাওনার আশা আছে তা হলো— জুয়াখেলা।
১৭. পরমাত্মার অঙ্গ এবং অংশ হলো— জীবাত্মা।
১৮. সাহিত্য কারও মনোরঞ্জন করতে গেলে— স্বধর্মচ্যুত হয়ে পড়ে।
১৯. সাহিত্যের উদ্দেশ্য— মানুষের মনকে জাগানো। সকলকে আনন্দ দেওয়া।
২০. কাব্যজগতে যার নাম আনন্দ, তারই নাম— বেদনা।
২১. শাস্ত্রমতে কাব্যরস— অমৃত।
২২. শিক্ষার উদ্দেশ্য— মানুষের মনকে বিশ্বের খবর জানানো।
২৩. বাল্মীকি মুনি— ঋষিদের জন্য রচনা করেন— রামায়ণ।
২৪. কাব্যরস নামক অমৃতে আমাদের অরুচি জন্মানোর জন্য দায়ী— এ যুগের স্কুল এবং তার মাস্টার।

▶ সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২০. কোন শিল্পে অবদানের জন্য রোদ্যাঁ চিরস্মরণীয় হয়ে আছেন? [জ্ঞান]
(ক) ভাস্কর্য শিল্পে (খ) মৃৎশিল্পে
(গ) কাঁসাশিল্পে (ঘ) কুটিরশিল্পে — (ক)

ফ্র্যাঁসোয়া অগুস্ত রোদ্যাঁ বিশ্ববিখ্যাত ফরাসি ভাস্কর। তাঁর অবিনশ্বর কীর্তি— 'চিন্তাবিদ', 'আদম', 'ইভ'। ভাস্কর্য শিল্পে অবদানের জন্য তিনি চিরস্মরণীয় হয়ে আছেন।

২১. রোদ্যাঁ কী হিসেবে খ্যাতি লাভ করেছিলেন? [জ্ঞান]
(ক) ভাস্কর (খ) বিজ্ঞানী
(গ) পর্যটক (ঘ) নাবিক — (ক)

২২. 'এই পুতুল গড়া হচ্ছে তাঁর খেলা'— 'সাহিত্যে খেলা' প্রবন্ধের এ উক্তিতে কার কথা বলা হয়েছে? [জ্ঞান]
(ক) প্রমথ চৌধুরীর (খ) রোদ্যাঁর
(গ) বাল্মীকির (ঘ) শিবের — (খ)

২৩. পৃথিবীর শিল্পী মাত্রেই শিল্পের খেলা খেলে থাকেন কেন? [অনুধাবন]
(ক) দুঃখ ভুলে থাকার জন্য (খ) আনন্দলাভের জন্য
(গ) সুনাম অর্জনের জন্য (ঘ) অর্থ উপার্জনের জন্য — (খ)

একমাত্র আনন্দলাভের জন্যই শিল্পী মাত্রেই শিল্পের খেলা খেলে থাকেন। শিল্পীরা মনের মাধুরী মিশিয়ে যেকোনো কিছুই গড়তে পারেন।

২৪. ভাস্কর রোদ্যাঁর সমকক্ষ শিল্পীদের সাদৃশ্য কোথায়? [প্রয়োগ]
(ক) সকলের সৃষ্টশিল্পের শিল্পগুণ এক
(খ) সকলেই ইচ্ছামতো শিল্পের খেলা খেলতে পারেন
(গ) সকলে শুধু শিল্পের জন্য বিখ্যাত
(ঘ) ভাবনা ও সৃষ্টি অনেক সময় বিপরীতধর্মী — (খ)

২৫. 'যিনি গড়তে জানেন, তিনি শিবও গড়তে পারেন, বাঁদরও গড়তে পারেন।'— এতে কার প্রশংসা করা হয়েছে? [অনুধাবন]
(ক) বড়ো মাপের শিল্পীর (খ) ছোটো মাপের শিল্পীর
(গ) বড়ো মাপের শিক্ষকের (ঘ) ছোটো মাপের গায়কের — (ক)

বড়ো মাপের শিল্পীরা যেকোনো কিছুই গড়তে জানেন। কোনোকিছু গড়ার মধ্যেই তাঁদের প্রকৃত আনন্দ ও সার্থকতা।

২৬. কলারাজ্যে কাদের যা খুশি করার অধিকার আছে? [অনুধাবন]
(ক) মহাপুরুষদের (খ) ঋষিদের
(গ) ইতর শিল্পীদের (ঘ) সাধারণদের — (ক)

২৭. মর্ত্যবাসীদের পক্ষে কোথায় গমন করাটা বিশেষ নিন্দনীয়? [জ্ঞান]
(ক) ভূতলে (খ) রসাতলে
(গ) নিচে (ঘ) পাতালে — (খ)

২৮. 'সাহিত্যে খেলা' প্রবন্ধে 'রসাতলে গমন' বলতে কী বোঝানো হয়েছে? [অনুধাবন]
(ক) রসের অতলে যাওয়া (খ) নরকে যাওয়া
(গ) ধ্বংসপ্রাপ্ত হওয়া (ঘ) অধঃপাতে যাওয়া — (ঘ)

২৯. 'সাহিত্যে খেলা' প্রবন্ধে লেখক 'দশ দিক' বলতে কী বুঝিয়েছেন? [উচ্চতর দক্ষতা]
(ক) সাহিত্যের বৈশিষ্ট্য (খ) সাহিত্যের বিষয়
(গ) সাহিত্যের সমঝদার (ঘ) লেখকের ইচ্ছা — (খ)

৩০. এ জগতে কয়টি দিক আছে? [জ্ঞান]
(ক) চারটি (খ) ছয়টি
(গ) আটটি (ঘ) দশটি — (ঘ)

প্রাবন্ধিকের মতে, এ জগতে দশটা দিক আছে। সব দিকে যাতায়াত করার প্রবৃত্তিটি তাই মানুষের পক্ষে স্বাভাবিক।

পরীক্ষায় বহুনির্বাচনি প্রশ্ন হয়ে থাকে বোর্ড বইয়ের গুরুত্বপূর্ণ তথ্য থেকে। এরূপ তথ্যগুলো Top Tips হিসেবে দেওয়া হয়েছে। এগুলো মনোযোগ

TOP TIPS

৩১. 'মন উঁচুতেও উঠতে চায়, নীচুতেও নামতে চায়।'— উক্তিটি কোন প্রবন্ধের সাথে সম্পর্কিত? [প্রয়োগ]
ক) অর্ধাঙ্গী খ) সাহিত্যে খেলা
গ) যৌবনের গান ঘ) অপরাহ্ণের গল্প — খ

৩২. লেখকের মতে, সাধারণ লোকের মনের বাস্তব অবস্থা কীরূপ? [অনুধাবন]
ক) নির্দিষ্ট গণ্ডির বাইরে বিচরণ করতে অক্ষম
খ) যত্রতত্র অবস্থার পরিবর্তন ঘটে
গ) সাধারণ চিন্তায় ব্যস্ত থাকে
ঘ) অন্যের দ্বারা প্ররোচিত হয় — ক

৩৩. 'একটু উঁচুতে না চড়লে আমরা দর্শক এবং শ্রোতৃমণ্ডলীর নয়ন মন আকর্ষণ করতে পারিনে।'— উক্তিটি কোন প্রবন্ধের সাথে সম্পর্কিত? [প্রয়োগ]
ক) সাহিত্যে খেলা খ) অর্ধাঙ্গী
গ) কমলাকান্তের জবানবন্দি ঘ) যৌবনের গান — ক

৩৪. কোথায় না বসলে আমাদের উপদেশ কেউ মানে না? [জ্ঞান]
ক) বেদিতে খ) কাষ্ঠমঞ্চে
গ) রঙ্গমঞ্চে ঘ) টঙে — ক

৩৫. কোথায় না চড়লে আমাদের অভিনয় কেউ দেখে না? [জ্ঞান]
ক) উঁচুমঞ্চে খ) রঙ্গমঞ্চে
গ) কাষ্ঠমঞ্চে ঘ) প্রস্তরমঞ্চে — খ

৩৬. আমরা কত ঘণ্টা টঙে চড়ে থাকতে চাই? [জ্ঞান]
ক) বিশ ঘণ্টা খ) চব্বিশ ঘণ্টা
গ) পঁচিশ ঘণ্টা ঘ) ছাব্বিশ ঘণ্টা — খ

৩৭. আমরা চব্বিশ ঘণ্টা টঙে চড়ে থাকতে চাই কেন? [অনুধাবন]
ক) জনসাধারণের দৃষ্টি আকর্ষণের জন্য
খ) নির্মল বাতাস পাওয়ার জন্য
গ) কল্যাণের বক্তৃতা শোনাবার জন্য
ঘ) নিজেকে বড়ো করে গড়ার জন্য — ক

জনসাধারণের চোখের সামনে থাকার লোভ সকলের। তাই তারা চব্বিশ ঘণ্টা টঙে চড়ে থাকতে চায়।

৩৮. অনেকের পক্ষে নিজেদের আয়ত্তের বহির্ভূত উচ্চস্থানে উঠবার চেষ্টাটাই কীসের কারণ? [জ্ঞান]
ক) সাফল্যের খ) উচ্চাশার
গ) হতাশার ঘ) মহাপতনের — ঘ

৩৯. কষ্ট হলেও কাদের পথ অনুসরণ করা আমাদের কর্তব্য? [অনুধাবন]
ক) মহাজনদের খ) শিক্ষকদের
গ) শিল্পীদের ঘ) লেখকদের — ক

৪০. সাহিত্যের মধ্যে সাহিত্যিকের কী প্রকাশ পায়? [অনুধাবন]
ক) মনের আনন্দ খ) মনের কষ্ট
গ) মনের ক্ষোভ ঘ) মনের আকুতি — ক

৪১. কোন রাজ্যে খেলা করবার অধিকার সকলের আছে? [জ্ঞান]
ক) কলারাজ্যে খ) চিত্ররাজ্যে
গ) শিল্পরাজ্যে ঘ) বিজ্ঞানরাজ্যে — গ

৪২. কবিতা লিখতে হলে শুধু গভীর ভাব প্রকাশের প্রচেষ্টা মেনে চলা উচিত নয় কেন? [অনুধাবন]
ক) কলারাজ্যে অবাধ বিচরণের অধিকার সকলের আছে
খ) গভীর ভাবের ফলে কবিতা পূর্ণাঙ্গতা পায় না
গ) কবির দৃষ্টিভঙ্গি পালটে যায়
ঘ) কবিতার ভাবের বদল ঘটে — ক

৪৩. এ পৃথিবীতে একমাত্র কোথায় ব্রাহ্মণশূদ্রের প্রভেদ নেই? [জ্ঞান]
ক) খেলার ময়দানে খ) যুদ্ধের ময়দানে
গ) রঙ্গমঞ্চে ঘ) অরাজক রাজ্যে — ক

৪৪. প্রাবন্ধিকের মতে, খেলার রাজ্যে কোনো প্রভেদ নেই কেন? [অনুধাবন]
ক) সবাই খেলতে পারে বলে খ) সবাই হাততালি দেয় বলে
গ) সবার অধিকার সমান বলে ঘ) সবাই বন্ধু বলে — গ

৪৫. লেখকেরা দশের কাছে কী প্রত্যাশা করেন? [জ্ঞান]
ক) তোষামোদ খ) হাততালি
গ) সমালোচনা ঘ) বিনিয়োগ — খ

৪৬. 'লেখকেরাও অবশ্য দশের কাছে হাততালির প্রত্যাশা রাখেন।'— এখানে 'হাততালি' বলতে কী বোঝানো হয়েছে? [অনুধাবন]
ক) নিজেকে প্রকাশ করা খ) প্রেরণালাভ করা
গ) স্বীকৃতিলাভ করা ঘ) নিজেকে বড়ো করা — গ

৪৭. বাহবা না পেলে লেখকেরা কী করেন? [জ্ঞান]
ক) লেখা বন্ধ করেন খ) মনঃক্ষুণ্ন হন
গ) হতাশাগ্রস্ত হন ঘ) রেগে যান — খ

৪৮. প্রমথ চৌধুরীর মতে, কাদের মধ্যে যথার্থ সামাজিক জীবের বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে? [উচ্চতর দক্ষতা]
ক) লেখকদের খ) পাঠকদের
গ) শিক্ষকদের ঘ) রাজনীতিবিদদের — ক

৪৯. বিশ্বমানবের মনের সঙ্গে নিত্যনূতন সম্বন্ধ পাতানোর সঙ্গে সম্পর্ক রয়েছে কার? [প্রয়োগ]
ক) খেলোয়াড়ের খ) ডাক্তারের
গ) কবির ঘ) রাখাল ছেলের — গ

৫০. কার গোপন কথাটিও গীতিকবিতাতে রঙ্গভূমির স্বগতোক্তি রূপে উচ্চারিত হয়? [জ্ঞান]
ক) ভাস্করের খ) কবির
গ) দরিদ্র ছেলের ঘ) রাখাল বালকের — খ

৫১. টাউন হলের সাথে সম্পর্ক রয়েছে কীসের? [প্রয়োগ]
ক) খেলার খ) বক্তৃতার
গ) সিনেমার ঘ) সাহিত্যের — খ

৫২. 'সাহিত্যে খেলা' প্রবন্ধে কোন হলের কথা উল্লেখ আছে? [জ্ঞান]
ক) টাউন হল খ) পরীক্ষার হল
গ) সিনেমা হল ঘ) ভিলেজ হল — ক

৫৩. সাহিত্যের সঙ্গে কীসের তুলনা চলে? [প্রয়োগ]
ক) লেখাপড়ার খ) পাঠদানের
গ) মনোরঞ্জনের ঘ) খেলাধুলার — ঘ

৫৪. খেলার উদ্দেশ্যের সঙ্গে 'সাহিত্যে খেলা' প্রবন্ধের লেখক এক করে দেখিয়েছেন কোনটিকে? [অনুধাবন]
ক) বক্তৃতাদানের উদ্দেশ্যকে খ) গীতিকাব্যের উদ্দেশ্যকে
গ) সাহিত্যের উদ্দেশ্যকে ঘ) শিক্ষার উদ্দেশ্যকে — গ

সাহিত্যের উদ্দেশ্য ও খেলার উদ্দেশ্য এক ও অভিন্ন। সাহিত্যের উদ্দেশ্য যেমন আনন্দদান, খেলার উদ্দেশ্যও তেমনই আনন্দদান।

৫৫. মানুষ বক্তৃতার বদলে খেলা দেখতে যায় কেন? [অনুধাবন]
ক) মনোরঞ্জন হয় বলে খ) আনন্দ পায় বলে
গ) খেলা বেশি পছন্দ বলে ঘ) আত্মতৃপ্তি পায় বলে — খ

৫৬. অর্থশূন্য ও উদ্দেশ্যহীন কোনটি? [জ্ঞান]
ক) জুয়াখেলা খ) ক্রীড়া
গ) বক্তৃতা ঘ) ধর্মচর্চা — খ

মানুষের দেহমনের সকল প্রকার ক্রিয়ার মধ্যে ক্রীড়া শ্রেষ্ঠ। কেননা, তা উদ্দেশ্যহীন। মানুষ যখন খেলা করে, তখন সে এক আনন্দ ব্যতীত অপর কোনো ফলের আকাঙ্ক্ষা রাখে না।

৫৭. জীবজগতে একমাত্র নিষ্কাম কর্ম কী? [জ্ঞান]
ক) শিক্ষা খ) চাকরি
গ) খেলা ঘ) অর্থ উপার্জন — গ

৫৮. মানুষের দেহমনের সকল প্রকার ক্রিয়ার মধ্যে ক্রীড়া শ্রেষ্ঠ হওয়ার কারণ কোনটি? [অনুধাবন]
ক) তা উদ্দেশ্যহীন বলে খ) তা উদ্দেশ্যপ্রণোদিত বলে
গ) প্রশংসা পাওয়া যায় বলে ঘ) মানুষের মনোরঞ্জন করে বলে — ক

৫৯. যে খেলার ভিতর আনন্দ নেই কিন্তু উপরি পাওনার আশা আছে তার নাম কী? [জ্ঞান]
ক) সাহিত্য খ) শিল্পকলা
গ) লাঠিখেলা ঘ) জুয়াখেলা — ঘ

খেলার ভিতর আনন্দ ছাড়া অন্য কোনো ফললাভের আশা থাকলে তা জুয়াখেলা। কেননা খেলার আনন্দ নিরর্থক, তা অর্থগত নয়।

৬০. 'গীতের মর্ম ও গীতার ধর্ম বোঝেন না' বাক্যে কার কথা বলা হয়েছে? [অনুধাবন]
ক) যিনি খেলাধুলা করেন
খ) যিনি বক্তৃতা করেন
গ) যিনি সাহিত্য ক্ষেত্রে ফল চাষে ব্রতী
ঘ) জীবাত্মা ও পরমাত্মা — গ

৬১. জীবজগতে একমাত্র নিষ্কাম কর্ম কোনটি? [জ্ঞান]
ক কবিতা লেখা খ খেলা করা
গ গল্প বলা ঘ বক্তৃতা করা খ
খেলায় ফললাভের কামনা করা হয় না বলেই তা মোক্ষলাভ বা আত্মার মুক্তি অর্জনের একমাত্র উপায়।

৬২. 'সাহিত্যে খেলা' প্রবন্ধ অনুসারে সাহিত্যের উদ্দেশ্য কী? [জ্ঞান]
ক আনন্দ দেওয়া খ শিক্ষা দেওয়া
গ মনোরঞ্জন করা ঘ আত্মপ্রকাশ করা ক
সাহিত্যের উদ্দেশ্য হলো সকলকে আনন্দ দেওয়া, কারো মনোরঞ্জন করা নয়। সমাজের মনোরঞ্জন করতে গেলে সাহিত্য স্বধর্মচ্যুত হয়ে পড়ে।

৬৩. 'সাহিত্যের উদ্দেশ্য সকলকে আনন্দ দেওয়া, কারও মনোরঞ্জন করা নয়।'— উক্তিটি কার? [জ্ঞান]
ক প্রমথ চৌধুরীর খ বঙ্কিমচন্দ্রের
গ শরৎচন্দ্রের ঘ প্যারীচাঁদ মিত্রের ক

৬৪. 'সাহিত্যে খেলা' প্রবন্ধের আলোকে ছাত্রদের গল্পের বই পড়ার কারণ, হলো— [অনুধাবন]
ক শিক্ষামূলক খ উদ্দেশ্যপূর্ণ
গ আনন্দদায়ক ঘ উপদেশমূলক গ

৬৫. ভগবানের বিশ্ব সৃষ্টির উদ্দেশ্য কোনটি? [অনুধাবন]
ক নিজের প্রভাব জারি করা খ নিজেকে বড়ো করে তোলা
গ আনন্দ উপভোগ করা ঘ নিজের অভাব পূরণ করা গ
স্বয়ং ভগবান বলেছেন, তাঁর কোনোকিছুর অভাব নেই তবুও তিনি এই বিশ্ব সৃষ্টি করেছেন অর্থাৎ সৃষ্টি তাঁর লীলামাত্র। সে সৃষ্টির মূলে রয়েছে তাঁর অন্তরাত্মার স্ফূর্তি আর তাঁর আনন্দ।

৬৬. সমাজের মনোরঞ্জন করতে গেলে সাহিত্য স্বধর্মচ্যুত হয়ে পড়ে কেন? [অনুধাবন]
ক মনোরঞ্জন সাহিত্যের উদ্দেশ্য নয় বলে
খ সাহিত্যের নিয়ম লঙ্ঘন হয় বলে
গ সাহিত্যের উদ্দেশ্য স্বধর্মচ্যুত হয় বলে
ঘ পাঠকের দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটে বলে ক

৬৭. পাঠকের মনোরঞ্জন করতে হলে আমাদের কী করতে হবে? [অনুধাবন]
ক সস্তা খেলনা গড়তে হবে খ দামি খেলনা গড়তে হবে
গ সহজ খেলনা গড়তে হবে ঘ কঠিন খেলনা গড়তে হবে ক

৬৮. 'বৈশ্য লেখকের পক্ষেই শূদ্র পাঠকের মনোরঞ্জন করা সংগত'— বলতে যে সাহিত্য রচনার কথা বলা হয়েছে, তা হলো— [অনুধাবন]
ক বৈশ্য সাহিত্যিক কর্তৃক বিদগ্ধ পাঠকের জন্য নীতিকথা তৈরি
খ দক্ষ সাহিত্যিক কর্তৃক বোদ্ধা পাঠকের জন্য জনপ্রিয় রচনা
গ সফল সাহিত্যিক কর্তৃক দুর্বল পাঠকের জন্য মনোরম সৃষ্টি
ঘ অক্ষম সাহিত্যিক কর্তৃক দুর্বল পাঠকের মনোরঞ্জনধর্মী রচনা ঘ

৬৯. সাহিত্যের উদ্দেশ্য নয় কোনটি? [জ্ঞান]
ক সকলকে আনন্দ দেওয়া
খ সকলের মনোরঞ্জন করা
গ মানুষের মনকে জাগানো
ঘ বিশ্বমানবের সঙ্গে নতুন সম্পর্ক স্থাপন খ

৭০. 'সাহিত্যে খেলা' প্রবন্ধের আলোকে তুমি একজন ভালো লেখকের উপন্যাস কেন পড়বে? [প্রয়োগ]
ক তাঁর লেখায় শিক্ষণীয় বিষয় আছে বলে
খ তাঁর লেখা জনপ্রিয় বলে
গ তাঁর লেখায় আনন্দ পাওয়া যাবে বলে
ঘ তাঁর লেখার ভাষাভঙ্গি ভালো বলে গ

৭১. কাব্যের ঝুমঝুমি, বিজ্ঞানের চুষিকাঠি— এগুলোর সঙ্গে বর্তমান সাহিত্যের সাদৃশ্য কোথায়? [অনুধাবন]
ক সস্তা সাহিত্যে পাঠকের মনোরঞ্জন করা
খ সাহিত্য রচনায় সহজ বিষয় অবলম্বন
গ পাঠকের সাথে লেখকের সহজ সম্পর্ক স্থাপন
ঘ সাহিত্য রচনায় অযোগ্য ব্যক্তির পদচারণা ক

৭২. কাব্যজগতে যার নাম আনন্দ, তারই নাম কী? [জ্ঞান]
ক বেদনা খ আশা
গ মায়া ঘ সুখ ক

৭৩. শিক্ষা ও সাহিত্য পরস্পর কীরূপ? [প্রয়োগ]
ক পরিপূরক খ বিপরীত
গ সমধর্মী ঘ সমান্তরাল খ

৭৪. 'সাহিত্যে খেলা' প্রবন্ধে লেখক শিক্ষা ও সাহিত্যের মধ্যে কয়টি পার্থক্য দেখিয়েছেন? [জ্ঞান]
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি খ

৭৫. শাস্ত্রমতে কাব্যরস কী? [জ্ঞান]
ক মন্দার খ অমৃত গ গরল ঘ মদিরা খ
শাস্ত্রমতে কাব্যরস অমৃত। কারণ কাব্যরস মানুষ শুধু স্বেচ্ছায় নয় সানন্দে পাঠ করে।

৭৬. 'কাব্য সংবাদপত্র নয়'— উক্তিটির সঙ্গে সাহিত্যের উদ্দেশ্য সম্পর্কে কোন বিষয়টি সম্পর্কযুক্ত? [প্রয়োগ]
ক তথ্য নয়, তত্ত্বের খ আনন্দের নয়, শিক্ষার
গ তথ্য নয়, আনন্দের ঘ আনন্দের নয়, তত্ত্বের গ

৭৭. শিক্ষার উদ্দেশ্য কী? [জ্ঞান]
ক চাকরিলাভ খ সার্টিফিকেট অর্জন
গ আনন্দলাভ ঘ বিশ্বের খবর জানানো ঘ
সাহিত্যের উদ্দেশ্য মানুষের মনকে জাগানো, আনন্দদান করা।

৭৮. বাল্মীকি প্রথমে কাদের জন্য 'রামায়ণ' রচনা করেন? [জ্ঞান]
ক সাহিত্যিকদের জন্য খ মুনি-ঋষিদের জন্য
গ ধার্মিকদের জন্য ঘ পথভ্রষ্টদের জন্য খ
বাল্মীকি 'রামায়ণ' প্রণেতা বিখ্যাত ঋষি ও কবি। প্রাচীন ভারতীয় সাহিত্যের আদিকবি হিসেবে সম্মানিত। তিনি নারদের উপদেশে 'রামায়ণ' রচনা করেন।

৭৯. বাল্মীকির 'রামায়ণ' সকলে স্বেচ্ছায় পাঠ করে কেন? [অনুধাবন]
ক আনন্দের অফুরন্ত উৎস বলে খ সংস্কৃত ভাষায় রচিত বলে
গ পবিত্র ধর্মীয় গ্রন্থ বলে ঘ উপদেশে সমৃদ্ধ বলে ক
প্রাবন্ধিকের মতে, আনন্দের ধর্মই এই যে তা সংক্রামক।

৮০. একালে সাহিত্যের ভার নিয়েছেন কারা? [জ্ঞান]
ক মৌলবিরা খ কবিরা
গ স্কুলমাস্টাররা ঘ সাহিত্যিকরা গ

৮১. স্কুলমাস্টারেরা সাহিত্যের ভার নেওয়ায় সাহিত্য কেমন হয়ে উঠেছে? [অনুধাবন]
ক সফল খ অসুন্দর
গ সুন্দর ঘ নিরর্থক ঘ

৮২. কাব্যরসে আমাদের অরুচি জন্মানোতে কারা দায়ী? [জ্ঞান]
ক স্কুল এবং স্কুলমাস্টার খ কবি এবং শিক্ষক
গ পাঠক এবং কবি ঘ স্কুল এবং শিক্ষার্থী ক
কাব্য পড়ার ও বোঝার জিনিস। কিন্তু স্কুলমাস্টাররা তা পড়ায় এবং বোঝায়। এর ফলে কবির সঙ্গে পাঠকের মনের মিল ঘটে না। শিক্ষক মাঝখানে দাঁড়িয়ে থাকেন।

৮৩. স্কুলঘরে কাব্যের কোন দিকটির সাথে পরিচয় ঘটানো হয়? [জ্ঞান]
ক রূপ খ রস
গ ভাব ঘ গুণ ঘ

৮৪. 'স্কুলঘরে আমরা কাব্যের রূপ দেখতে পাইনি, শুধু তার গুণ শুনি।'— উক্তিটির তাৎপর্য হলো— [উচ্চতর দক্ষতা]
ক শিক্ষাপ্রতিষ্ঠানের সুনির্দিষ্ট সিলেবাসের কারণে কাব্যে সমাদর হয় না
খ গুরুদের জ্ঞান সীমিত হেতু কাব্যরস আস্বাদনে তাঁরা অক্ষম
গ শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষকরা কাব্যের প্রকৃত ব্যাখ্যা প্রদানে বিরত থাকেন
ঘ শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষকরা কাব্যের প্রকৃত উদ্দেশ্য ব্যাহত করে থাকেন ঘ
কাব্যরস নামক অমৃতে যে আমাদের অরুচি জন্মেছে, তার জন্য দায়ী এ যুগের স্কুল এবং তার মাস্টার। কাব্য পড়ার ও বোঝার জিনিস। কিন্তু স্কুলমাস্টাররা কাব্যের প্রকৃত উদ্দেশ্য ব্যাহত করে থাকেন।

৮৫. প্রমথ চৌধুরীর মতে, কাব্য নিয়ে শিক্ষক কী করেন? [অনুধাবন]
ক প্রথমে বধ ও পরে শবচ্ছেদ করা
খ প্রথমে শবচ্ছেদ ও পরে বধ করা
গ কাব্য দ্বারা শিক্ষার্থীদের মনোরঞ্জন করা
ঘ কাব্যের প্রকৃত অর্থ নষ্ট করা ক

৮৬. 'হীরক ও কাচ যমজ হলেও সহোদর নয়।'— উদ্ধৃত অংশটি কোন রচনার অন্তর্গত? [জ্ঞান]
ক অর্ধাঙ্গী খ যৌবনের গান
গ সাহিত্যে খেলা ঘ বিলাসী গ

৮৭. আমরা সাহিত্যে হীরাকে কোনটি বলে নিত্য ভুল করি? [জ্ঞান]
ক সোনা খ রুপা
গ তামা ঘ কাচ
ঘ

৮৮. 'আমরা সাহিত্যে কাচকে হীরা এবং হীরাকে কাচ বলে নিত্য ভুল করি' — উক্তিটির অন্তর্নিহিত ভাব কোনটি? [অনুধাবন]
ক সাহিত্যের অন্তর্নিহিত তাৎপর্য না বোঝা
খ সাহিত্যের উদ্দেশ্য সম্বন্ধে অবগত না হওয়া
গ সাহিত্য ও শিক্ষার অবস্থানকে বিপরীতমুখী করা
ঘ সাহিত্যে যথেচ্ছাচার করা
খ

৮৯. মনোজগতে কবির কাজের ঠিক উলটা কাজ কারা করেন? [জ্ঞান]
ক স্কুলের ছাত্ররা খ স্কুলমাস্টারেরা
গ রাজনীতিবিদেরা ঘ মুনিঋষিরা
খ

কবি তথা লেখকের কাজ হলো মানুষের মনোজগতে সাহিত্যের রস উপলব্ধি করতে পারা শেখানো। আর শিক্ষকের কাজ হলো মানুষের মনকে বিশ্বের খবর জানানো। কাজেই মনোজগতে কবির কাজের ঠিক উলটা কাজ করেন শিক্ষকরা।

৯০. লেখকের প্রকৃত কাজ কী? [অনুধাবন]
ক খেলনা তৈরি খ খেলনা ভাঙা
গ খেলা করা ঘ খেলা দেখা
গ

৯১. যে সাহিত্য শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে রচিত হয়েছে, তা কী রকম? [অনুধাবন]
ক সার্থক খ প্রয়োজনীয়
গ ব্যর্থ ঘ শিল্পসফল
গ

৯২. সাহিত্যে অন্তত কোন কাজটি করা উচিত নয়? [অনুধাবন]
ক বাস্তব বর্জিত লেখা খ অসত্য বিষয় লেখা
গ কাল্পনিক বিষয় অবতারণা ঘ কারো মনোরঞ্জন করা
ঘ

সাহিত্যের উদ্দেশ্য আনন্দদান, কারো মনোরঞ্জন করা নয়। সমাজের বা কারো মনোরঞ্জন করতে গেলে সাহিত্য স্বধর্মচ্যুত হয়ে পড়ে। তাই সাহিত্যে কারো মনোরঞ্জন করা উচিত নয়।

৯৩. 'সাহিত্য ছেলের হাতের খেলনাও নয়, গুরুর হাতের বেতও নয়।'— অংশটি কোন রচনার সাথে সম্পর্কযুক্ত? [প্রয়োগ]
ক যৌবনের গান খ সাহিত্যে খেলা
গ একটি তুলসী গাছের কাহিনি ঘ অর্ধাঙ্গী
খ

৯৪. 'সাহিত্য অনুভূতিসাপেক্ষ তর্কসাপেক্ষ নয়'— এ 'অনুভূতি' কীরূপ? [অনুধাবন]
ক প্রমাণের বিষয় খ প্রমাণযোগ্য নয়
গ জ্ঞানের বিষয় ঘ শিক্ষার বিষয়
খ

৯৫. প্রমথ চৌধুরীর মতে, এ যুগে পাঠক কারা? [জ্ঞান]
ক শিক্ষানুরাগীরা খ জনসাধারণ
গ অভিজাতশ্রেণি ঘ সাহিত্যিকেরা
খ

৯৬. সাহিত্যরাজ্যে খেলনা পেয়ে কার মনতুষ্টি ঘটে? [জ্ঞান]
ক পাঠকের খ লেখকের
গ প্রকাশকের ঘ শিক্ষকদের
খ

৯৭. লেখকের মতে, সাহিত্য রচনায় কোন বিষয়ে সতর্ক হওয়া উচিত? [অনুধাবন]
ক পাঠক সমাজের মনোরঞ্জন না করা
খ পাঠকসমাজের ইচ্ছার প্রাধান্য দেওয়া
গ লেখক ও পাঠকের দৃষ্টিভঙ্গির সামঞ্জস্য রাখা
ঘ সাহিত্যের উদ্দেশ্যকে ফলপ্রসূ করার চেষ্টা করা
ক

▶ বহুপদী সমাপ্তিসূচক প্রশ্নোত্তর

৯৮. 'অনেকের পক্ষে নিজেদের আয়ত্তের বহির্ভূত উচ্চস্থানে উঠবার চেষ্টাটাই মহাপতনের কারণ হয়।'— মন্তব্যটিতে বোঝানো হয়েছে— [অনুধাবন]
i. অনেকে উপরে উঠবার সিঁড়ি সম্পর্কে জানে না কিছু
ii. অনেকে উপরে উঠবার যোগ্যতা রাখে না
iii. অনেকে উচ্চ আকাঙ্ক্ষা নিবৃত্তির জন্য বিভ্রান্ত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
গ

৯৯. 'সাহিত্যে খেলা' প্রবন্ধে বড়ো মাপের শিল্পীদের সম্পর্কে বলা হয়েছে, যিনি গড়তে জানেন তিনি— [প্রয়োগ]
i. শিবও গড়তে পারেন
ii. বাঁদরও গড়তে পারেন
iii. সভ্যতাও গড়তে পারেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
ক

১০০. মনের বৈশিষ্ট্য প্রকাশ করতে প্রমথ চৌধুরী বলেছেন— [প্রয়োগ]
i. মন উঁচুতেও উঠতে পারে
ii. নিচুতেও নামতে চায়
iii. মন সঠিক জায়গায় অবস্থান করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
ক

১০১. 'পৃথিবীর শিল্পী মাত্রেই এই শিল্পের খেলা খেলে থাকেন।' কারণ— [অনুধাবন]
i. আনন্দ উপভোগের জন্য
ii. আত্মতৃপ্তি লাভের জন্য
iii. অমর হয়ে থাকার জন্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
ক

১০২. 'সাহিত্যে খেলা' প্রবন্ধে প্রমথ চৌধুরী রোদ্যাঁর প্রসঙ্গ দিয়ে শুরু করেছেন— [উচ্চতর দক্ষতা]
i. মহৎ শিল্পীর উল্লেখে প্রবন্ধকে সমৃদ্ধ করতে
ii. মহৎ শিল্পীর স্বাভাবিক ক্ষমতা বোঝাতে
iii. শিল্প সৃষ্টির প্রকৃত উপায় বোঝাতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
গ

১০৩. ইতর শিল্পীদের সঙ্গে কলারাজ্যের মহাপুরুষ বা বড়ো শিল্পীদের পার্থক্য হলো— [উচ্চতর দক্ষতা]
i. তাঁরা শিবও গড়তে পারেন, বাঁদরও গড়তে পারেন
ii. তাঁদের হাতে এক করতে করতে আর হয় না
iii. তাঁদের যা-খুশি তাই করার অধিকার আছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
ঘ

কলারাজ্যের ইতর শিল্পী বা সাধারণ শিল্পীরা এক কাজ করতে গিয়ে আর এক কাজ করে ফেলতে পারেন তাই তাঁরা যা খুশি তা করতে পারেন না। যেকোনো কিছু করার ক্ষমতা তাঁদের নেই। কলারাজ্যে ইচ্ছামতো কাজ করার অধিকার বা ক্ষমতা রয়েছে কেবল এ রাজ্যের মহাপুরুষ বা বড়ো মাপের শিল্পীদের। তাঁরা যা খুশি তাই করতে পারেন।

১০৪. 'রাজার ছেলের সঙ্গে দরিদ্রের ছেলের খেলার অধিকার আছে।'— উক্তিটির মূলে রয়েছে— [উচ্চতর দক্ষতা]
i. শিল্পচর্চার অধিকার সকলের আছে
ii. সাহিত্যচর্চায় ছোটো-বড়ো সবার সমান অধিকার
iii. সাহিত্য ও শিল্পচর্চায় উচ্চ আশা প্রয়োজন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
ক

খেলার ময়দানে উদ্দেশ্যহীন আনন্দদানই একমাত্র লক্ষ্য বলে সেখানে ধর্ম-বর্ণের কোনো প্রভেদ থাকে না। খেলার ময়দানে আনন্দের জন্য ব্রাহ্মণের ছেলের সঙ্গে শূদ্রের ছেলে এমনকি রাজার ছেলের সঙ্গে দরিদ্রের ছেলেরও খেলার অধিকার আছে।

১০৫. মানুষের নয়নমন আকর্ষণ করবার সুযোগ তাদের ভাগ্যে ঘটে— [অনুধাবন]
i. যাদের সাহস আছে
ii. যাদের প্রবৃত্তি আছে
iii. যাদের ক্ষমতা আছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
ঘ

১০৬. কবির কাব্যসৃষ্টি ও বিশ্বস্রষ্টার পৃথিবী সৃষ্টির সাথে সাদৃশ্য বিদ্যমান রয়েছে— [অনুধাবন]
i. উদ্দেশ্য ও সৃষ্টি প্রেরণার বিচারে
ii. আত্মতৃপ্তি ও আনন্দলাভের আশায়
iii. কর্মদক্ষতা ও কালিক মানদণ্ডে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
ক

বিধাতা বিশ্বব্রহ্মাণ্ড সৃষ্টি করেছেন শুধু নিজের আনন্দের জন্য। কবিও তেমনই সাহিত্য রচনা করেন নিজের আনন্দের জন্য ও মানুষকে এক আনন্দময় জগতের সন্ধান দেওয়ার জন্য।

১০৭. 'পাঠকসমাজ যে খেলনা আজ আদর করে, কাল সেটিকে ভেঙে ফেলে।'— উক্তিটির তাৎপর্য হলো— [উচ্চতর দক্ষতা]
i. পাঠকের রুচির উপর গড়ে ওঠা সাহিত্যকর্ম ক্ষণস্থায়ী
ii. পাঠকের রুচি লেখকের সন্তুষ্টির বিপরীত
iii. সাহিত্য পাঠকসমাজের হাতের খেলনা নয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **ক**

১০৮. সাহিত্যের উদ্দেশ্য আনন্দদান করা হলেও প্রকৃতপক্ষে সাহিত্যিকের উদ্দেশ্য হলো— [উচ্চতর দক্ষতা]
i. আনন্দ সৃষ্টি করা
ii. আনন্দ অবগাহন করা
iii. পাঠকের মনতুষ্টি করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **ক**

১০৯. সস্তা খেলনা গড়ার উদ্দেশ্য— [অনুধাবন]
i. খেলা করা
ii. মনোরঞ্জন করা
iii. ইচ্ছামতো পাঠকসমাজ সৃষ্টি করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **ঘ**

১১০. সাহিত্য যার ভার নেয় না— [অনুধাবন]
i. শিক্ষার
ii. আনন্দের
iii. মনোরঞ্জনের
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **খ**

১১১. প্রমথ চৌধুরী শিক্ষা ও সাহিত্যের মধ্যে যে পার্থক্য নির্ণয় করেছেন তা হলো— [উচ্চতর দক্ষতা]
i. শিক্ষার উদ্দেশ্য মানুষের মনকে বিশ্বের খবর জানানো
ii. সাহিত্যের উদ্দেশ্য মানুষের মনকে জাগানো
iii. শিক্ষার উদ্দেশ্য আনন্দদান করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **ক**

শিক্ষার উদ্দেশ্য মানুষকে জ্ঞানদান করা অর্থাৎ মানুষের মনকে বিশ্বের খবর জানানো, যা মানুষ অনিচ্ছাসত্ত্বেও গলাধঃকরণ করতে বাধ্য হয়। আর সাহিত্যের উদ্দেশ্য আনন্দদান করা। মানুষ স্বেচ্ছায় ও আনন্দ চিত্তে সাহিত্যের রসাস্বাদন করে।

১১২. শিক্ষা ও সাহিত্যকর্মের লক্ষ্য— [অনুধাবন]
i. এক নয়
ii. বিপরীতধর্মী
iii. প্রায় সমান
নিচের কোনটি সঠিক
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **ক**

১১৩. লাখে একজনও যোগবশিষ্ঠ রামায়ণের ছায়া মাড়ান না, যেহেতু— [অনুধাবন]
i. লোককে শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে রচিত হয়েছিল বলে
ii. লোককে আনন্দ দেওয়ার উদ্দেশ্যে রচিত হয়নি বলে
iii. সাধারণ লোকের কাছে বোধগম্য নয় বলে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **ক**

রামচন্দ্রের প্রতি বশিষ্ঠ মুনির উপদেশ-সংবলিত সংস্কৃত রামায়ণ। লাখে একজনও যোগবশিষ্ঠ রামায়ণের ছায়া মাড়ান না তার কারণ, সেটি লোককে শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে রচিত হয়েছিল, আনন্দ দেওয়ার জন্য নয়।

১১৪. সাহিত্য রচিত হওয়া উচিত— [অনুধাবন]
i. সুনির্দিষ্ট লক্ষ্য নিয়ে
ii. খেয়ালের বশে
iii. কামনাশূন্য প্রেরণা থেকে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **গ**

১১৫. শিক্ষার্থীদের কাব্যে অরুচি সৃষ্টির দায় থেকে স্কুলমাস্টারদের মুক্তি দেওয়ার উপায় হলো— [প্রয়োগ]
i. শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত বই পাঠে আগ্রহী করে তোলা
ii. পাঠ্যবহির্ভূত বই পাঠের জন্য লাইব্রেরি স্থাপন করা
iii. সিলেবাসে বেশি সংখ্যক গল্প-কবিতা অন্তর্ভুক্ত করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **ক**

স্কুলমাস্টারদের গতানুগতিক শিক্ষাদান পদ্ধতির কারণে শিক্ষার্থীরা সাহিত্যের প্রকৃত আনন্দ থেকে বঞ্চিত হচ্ছে। তাই তাদেরকে স্বতঃস্ফূর্ত বই পাঠ আগ্রহী করে তুলতে হবে এবং পাঠ্যবহির্ভূত বই পাঠের জন্য লাইব্রেরি স্থাপন করতে হবে।

১১৬. সাহিত্যে খেলা করার মানে— [অনুধাবন]
i. সাহিত্য সৃষ্টির মাধ্যমে আনন্দলাভ
ii. সাহিত্যে মানবাত্মা খেলা করে
iii. সাহিত্যে খেলাধুলার মতো আনন্দ আছে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **ঘ**

সাহিত্য সৃষ্টি জীবাত্মার লীলামাত্র কোনো উদ্দেশ্য প্রণোদিত বিষয় নয়। খেলার মতোই সাহিত্য রচনায় আনন্দলাভ হয়, সাহিত্যে মানবাত্মা খেলা করে। আর খেলাই হলো একমাত্র নিষ্কাম কর্ম।

১১৭. পাঠকের মনোরঞ্জনের জন্য যে সাহিত্যের সৃষ্টি হয় তা হয়ে থাকে— [অনুধাবন]
i. স্বল্পকালীন চাহিদাসম্পন্ন
ii. সস্তা দরের সাহিত্যকর্ম
iii. অতি সমৃদ্ধ সাহিত্যকর্ম
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **ক**

১১৮. 'সাহিত্যে খেলা' প্রবন্ধে যে বাগ্‌ধারা উল্লিখিত হয়েছে তা হলো— [জ্ঞান]
i. দা-কুমড়া সম্বন্ধ
ii. রসাতলে গমন
iii. আকাশ-পাতাল প্রভেদ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **ঘ**

১১৯. প্রমথ চৌধুরীর মতে, আমাদের শিক্ষাব্যবস্থা ত্রুটিপূর্ণ হওয়ার কারণ— [উচ্চতর দক্ষতা]
i. বিদ্যালয়গুলোতে প্রকৃত সাহিত্য পাঠ দেওয়া হয় না
ii. বিদ্যালয়গুলোতে সাহিত্যের আদর্শ জানানো হয় না
iii. শিক্ষকগণ সাহিত্যের তাৎপর্য সম্পর্কে উদাসীন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **গ**

▶ অভিন্ন তথ্যভিত্তিক প্রশ্নোত্তর

নিচের উদ্দীপকটি পড়ে ১২০ ও ১২১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
নদীর তীরে বসবাসজনিত কারণে মানুষের মনের যে উন্নতি ঘটে তা প্রমাণ করা যায় না। অথচ নদীর তলদেশে জাল টেনে ছোটো-বড়ো মাছ জুটতে পারে তা প্রমাণসাপেক্ষ।

১২০. উদ্দীপকটি তোমার পঠিত কোন প্রবন্ধকে নির্দেশ করে? [প্রয়োগ]
ⓚ অর্ধাঙ্গী
ⓚ সাহিত্যে খেলা
ⓖ যৌবনের গান
ⓓ দুর্নীতি, উন্নয়নের অন্তরায় ও উত্তরণের পথ **খ**

১২১. উদ্দীপকে 'সাহিত্যে খেলা' প্রবন্ধের যে দিক প্রকাশ পেয়েছে— [উচ্চতর দক্ষতা]
i. সাহিত্য অনুভূতিসাপেক্ষ
ii. বিজ্ঞান প্রমাণসাপেক্ষ
iii. সাহিত্য প্রমাণসাপেক্ষ নয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **ঘ**

নিচের উদ্দীপকটি পড়ে ১২২ ও ১২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:

স্কুল-কলেজের শিক্ষা যে অনেকাংশে ব্যর্থ নয়, অনেক স্থলে মারাত্মক। কেননা, আমাদের স্কুল-কলেজ ছেলেদের স্বশিক্ষিত হওয়ার সে সুযোগ দেয় না। শুধু তাই নয়, স্বশিক্ষিত হওয়ার শক্তি পর্যন্ত নষ্ট করে। *[বইপড়া— প্রমথ চৌধুরী]*

১২২. 'সাহিত্যে খেলা' প্রবন্ধের আলোকে উদ্দীপকে স্বশিক্ষিত হওয়ার সুযোগ না দেওয়ার জন্য দায়ী কোনটি? [প্রয়োগ]
ⓚ শিক্ষাব্যবস্থা — ⓚ স্কুলমাস্টারেরা
ⓖ শিক্ষাপ্রতিষ্ঠান — ⓘ ছাত্র-ছাত্রীরা — (খ)

১২৩. উদ্দীপকে 'সাহিত্যে খেলা' প্রবন্ধের যে বিষয়টি প্রকাশ পেয়েছে— [উচ্চতর দক্ষতা]
i. সাহিত্যের উদ্দেশ্যকে বধ করা
ii. সাহিত্যের উদ্দেশ্যকে ব্যাহত করা
iii. সাহিত্যের উদ্দেশ্যকে সফল করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii — (ক)

নিচের উদ্দীপকটি পড়ে ১২৪ ও ১২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:

প্রথম সংলাপ: সাহিত্য অপ্রয়োজনের। মনের আনন্দেই এর সৃষ্টি; অপরের মনে রস সঞ্চারই এর একমাত্র উদ্দেশ্য।

দ্বিতীয় সংলাপ: কথাটি মানতে পারলাম না। সাহিত্যে যদি সমাজ প্রতিফলিত না হয় আর জ্ঞানের কথা না থাকে তবে লোকে পড়বে কেন?

১২৪. উদ্দীপকের প্রথম সংলাপের ভাবটি 'সাহিত্যে খেলা' প্রবন্ধের কোন লাইনে প্রতিফলিত হয়েছে? [প্রয়োগ]
(ক) কাব্যজগতে যার নাম আনন্দ, তারই নাম বেদনা।
(খ) কবির নিজের মনের পরিপূর্ণতা হতেই সাহিত্যের উৎপত্তি।
(গ) সাহিত্য ছেলের হাতের খেলনাও নয়, গুরুর হাতের বেতও নয়।
(ঘ) সাহিত্যের উদ্দেশ্য সকলকে আনন্দ দেওয়া, কারও মনোরঞ্জন করা নয়। — (ঘ)

১২৫. উদ্দীপকের দ্বিতীয় সংলাপের 'সাহিত্যে খেলা' প্রবন্ধের কার মনোভাব ফুটে উঠেছে? [অনুধাবন]
i. লেখকের
ii. পাঠকের
iii. শিক্ষকের
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) iii (গ) i ও ii (ঘ) ii ও iii — (খ)

নিচের উদ্দীপকটি পড়ে ১২৬ ও ১২৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:

অধ্যাপক কাজী রশিদ প্রায় বারো বছর ধরে অধ্যাপনার সুবাদে সুনামের সঙ্গে ছাত্রদের রবীন্দ্র ও নজরুলসাহিত্য পড়াচ্ছেন। ক্লাসে দায়িত্ব পালনে তিনি যথেষ্ট নিষ্ঠাবান। কিন্তু সাহিত্য পড়িয়ে তিনি কোনো আনন্দ পান না।

১২৬. 'সাহিত্যে খেলা' প্রবন্ধ অনুযায়ী কাজী রশিদ সম্পর্কে প্রযোজ্য— [প্রয়োগ]
i. তিনি কাব্যের রূপ দেখেছেন
ii. তিনি কাব্যের গুণ শুনেছেন
iii. তিনি কাব্যের বিশ্লেষণে দক্ষ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii — (গ)

১২৭. কাজী রশিদের মানসিকতা বিশ্লেষণ করে 'সাহিত্যে খেলা' প্রবন্ধের আলোকে তাঁকে বলা যায়— [উচ্চতর দক্ষতা]
(ক) আত্মসচেতন — (খ) সাহিত্যপ্রেমিক
(গ) বিদ্যানুরাগী — (ঘ) কর্তব্যপরায়ণ — (ঘ)

নিচের উদ্দীপকটি পড়ে ১২৮ ও ১২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:

অনন্যা ও ঐশী দুজনেই সাহিত্য নিয়ে অনার্স পড়ে। অনন্যা নির্দিষ্ট বোর্ড বইয়ের বাইরে কোনো বই পড়ে না। কিন্তু ঐশী বোর্ড বইয়ের বাইরেও অনেক বই পড়ে।

১২৮. ঐশীর পাঠাভ্যাস নিচের কোন উক্তিটির সঙ্গে সাদৃশ্যপূর্ণ? [প্রয়োগ]
(ক) বৈশ্য লেখকের পক্ষেই শূদ্র পাঠকের মনোরঞ্জন করা সংগত
(খ) সাহিত্যের উদ্দেশ্য আনন্দদান করা, শিক্ষাদান করা নয়
(গ) কাব্যজগতে যার নাম আনন্দ, তারই নাম বেদনা
(ঘ) সাহিত্য ছেলের হাতের খেলনাও নয়, গুরুর হাতের বেতও নয় — (ঘ)

১২৯. ঐশীর পাঠাভ্যাস সহায়ক— [উচ্চতর দক্ষতা]
i. আনন্দলাভে
ii. ব্যক্তিত্ব গঠনে
iii. ভালো ফললাভে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii — (ঘ)

নিচের উদ্দীপকটি পড়ে ১৩০ ও ১৩১ নম্বর প্রশ্নের উত্তর দাও:

অর্থের উদ্দেশ্যে লিখিতে গেলে, লোকরঞ্জন— প্রবৃত্তি প্রবল হইয়া পড়ে। এখন আমাদিগের দেশের সাধারণ পাঠকের রুচি ও শিক্ষা বিবেচনা করিয়া লোকরঞ্জন করিতে গেলে রচনা বিকৃত ও অনিষ্টকর হইয়া ওঠে।

১৩০. উদ্দীপকটি তোমার পঠিত কোন রচনার সাথে সাদৃশ্যপূর্ণ? [প্রয়োগ]
(ক) সাহিত্যে খেলা — (খ) বই পড়া
(গ) লাইব্রেরি — (ঘ) সাহিত্যতত্ত্ব — (ক)

১৩১. সাদৃশ্যের কারণ— [প্রয়োগ]
i. মনোরঞ্জন সাহিত্যের উদ্দেশ্য নয়
ii. উপরি পাওয়ার আশা করা যাবে না
iii. মনোরঞ্জন করতে গেলে সাহিত্য স্বধর্মচ্যুত হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii — (ঘ)

★ **শব্দার্থ ও টীকা** | বোর্ড বই পৃষ্ঠা-৩৭ — TOP TIPS

১. রোদ্যাঁ— বিখ্যাত ফরাসি ভাস্কর।
২. রোদ্যাঁর জন্ম— ১৮৪০ খ্রিষ্টাব্দে।
৩. রোদ্যাঁর মৃত্যু— ১৯১৭ খ্রিষ্টাব্দে।
৪. রোদ্যাঁর সেরা কীর্তিসমূহ— 'নরকের দুয়ার', 'বার্ঘার্স অব ক্যালে', 'চিন্তাবিদ', 'আদম', 'ইভ'।
৫. বাল্মীকি— 'রামায়ণ' রচয়িতা। প্রাচীন ভারতীয় সাহিত্যের আদিকবি। যৌবনে তাঁর নাম ছিল রত্নাকর এবং পেশা ছিল দস্যুতা। তিনি ব্রহ্মার উপদেশে দস্যুবৃত্তি ছেড়ে তপস্যামগ্ন হন এবং নারদের উপদেশে 'রামায়ণ' রচনা করেন।
৬. যোগবশিষ্ঠ রামায়ণ— রামচন্দ্রের প্রতি বশিষ্ঠ মুনির উপদেশ-সংবলিত সংস্কৃত রামায়ণ।

▶ সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৩২. 'রোদ্যাঁ' কোন দেশের অধিবাসী? [জ্ঞান]
(ক) জার্মানির — (খ) ইটালির
(গ) ফ্রান্সের — (ঘ) স্পেনের — (গ)

ফ্রান্সের অধিবাসীদের ফরাসি বলা হয়।

১৩৩. 'প্রবৃত্তি' শব্দটির অর্থ কী? [জ্ঞান]
(ক) প্রকৃত — (খ) ইচ্ছা
(গ) অনুভূতি — (ঘ) স্বাভাবিকতা — (খ)

১৩৪. গীতিকবিতা হলো— [জ্ঞান]
(ক) পল্লিমানুষের কবিতা — (খ) আত্মভাবপ্রধান কবিতা
(গ) সুরপ্রধান কবিতা — (ঘ) ছন্দপ্রধান কবিতা — (খ)

১৩৫. 'Lyric'-এর অর্থ কী? [জ্ঞান]
(ক) ব্যঙ্গকবিতা — (খ) বিমূর্তকবিতা
(গ) গীতিকবিতা — (ঘ) ছড়া — (গ)

১৩৬. 'রঙ্গভূমি' বলতে কী বোঝানো হয়েছে? [অনুধাবন]
(ক) আমোদ-প্রমোদের জায়গা — (খ) বক্তৃতা দেওয়ার জায়গা
(গ) রঙ্গমঞ্চ — (ঘ) খেলার ময়দান — (ক)

১৩৭. 'মোক্ষলাভ' অর্থ কী? [জ্ঞান]
(ক) অসুখ থেকে মুক্তি অর্জন — (খ) পাপ থেকে মুক্তি অর্জন
(গ) আত্মার মুক্তি অর্জন — (ঘ) ভবপারে মুক্তি অর্জন — (গ)

১৩৮. 'মনোরঞ্জন' শব্দের অর্থ কী? [জ্ঞান]
(ক) মনের সন্তোষ সাধন — (খ) মানসিক প্রশান্তি
(গ) আমোদ-প্রমোদ — (ঘ) মনকে আনন্দদান — (ক)

১৩৯. প্রাচীন আর্যসমাজের চতুর্থ বর্ণের তৃতীয় স্তর কোনটি? [জ্ঞান]
(ক) ব্রাহ্মণ — (খ) শূদ্র
(গ) ক্ষত্রিয় — (ঘ) বৈশ্য — (ঘ)

১৪০. আর্যসমাজের চতুর্থ বর্ণের মধ্যে নিম্নতম স্তর কোনটি? [জ্ঞান]
(ক) ব্রাহ্মণ — (খ) ক্ষত্রিয়
(গ) বৈশ্য — (ঘ) শূদ্র — (ঘ)

১৪১. 'বৈশ্য লেখক' বলতে প্রাবন্ধিক বুঝিয়েছেন— [অনুধাবন]
(ক) উচ্চশ্রেণির লেখককে — (খ) নিম্নশ্রেণির লেখককে
(গ) মধ্যমশ্রেণির লেখককে — (ঘ) জনপ্রিয়শ্রেণির লেখককে — (খ)

১৪২. রোদ্যাঁ কার প্রতিকৃতি নির্মাণ করেন? [জ্ঞান]
ক) ভিক্টর হুগোর খ) অ্যারিস্টটলের
গ) প্লেটোর ঘ) মিল্টনের ক

১৪৩. রোদ্যাঁর শ্রেষ্ঠ কীর্তি হিসেবে বিশেষভাবে উল্লেখযোগ্য কোনটি? [জ্ঞান]
ক) চিন্তাবিদ খ) আদম
গ) বার্ঘার্স অব ক্যালে ঘ) ইভ গ

১৪৪. আদি রামায়ণের রচয়িতা কে? [জ্ঞান]
ক) বাল্মীকি খ) বেদব্যাস
গ) নারদ ঘ) কাশীরাম দাস ক

বাল্মীকি নারদের উপদেশে 'রামায়ণ' রচনা করেন।

১৪৫. প্রাচীন ভারতীয় সাহিত্যের আদিকবি কে ছিলেন? [জ্ঞান]
ক) ব্যাসদেব খ) মীননাথ
গ) কালিদাস ঘ) বাল্মীকি ঘ

১৪৬. 'রামায়ণ' রচয়িতা বাল্মীকির পূর্ব নাম কী? [জ্ঞান]
ক) শ্রী অনুকূল খ) রামকৃষ্ণ
গ) রামচন্দ্র ঘ) রত্নাকর ঘ

১৪৭. যৌবনে বাল্মীকি কী করতেন? [জ্ঞান]
ক) শিক্ষাদান খ) চৌর্যবৃত্তি
গ) কৃষিকাজ ঘ) দস্যুবৃত্তি ঘ

১৪৮. 'কুশীলব' শব্দের অর্থ কী? [জ্ঞান]
ক) ঈশ্বর খ) সমস্ত কিছু
গ) কুশল বিনিময় ঘ) অভিনেতা ঘ

১৪৯. কার উপদেশ পেয়ে দস্যু রত্নাকর দস্যুবৃত্তি ছেড়ে দেন? [জ্ঞান]
ক) ব্রহ্মার খ) মহাদেবের
গ) বিষ্ণুর ঘ) শ্রীকৃষ্ণের ক

১৫০. রামচন্দ্রের প্রতি বশিষ্ঠ মুনির উপদেশ-সংবলিত সংস্কৃত রামায়ণ হলো— [জ্ঞান]
ক) বাল্মীকি রামায়ণ খ) কৃত্তিবাস রামায়ণ
গ) যোগবশিষ্ঠ রামায়ণ ঘ) চন্দ্রাবতী রামায়ণ গ

মানুষকে শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে রচিত হয়েছিল যোগবশিষ্ঠ রামায়ণ। এ থেকে পাঠক আনন্দলাভ করেনি।

১৫১. যোগ ও আত্মজ্ঞান সম্পর্কিত বিভিন্ন বিষয় উপাখ্যানসহ উপদেশাকারে আলোচিত হয়েছে কীসে? [জ্ঞান]
ক) বাল্মীকি রামায়ণে খ) যোগবশিষ্ঠ রামায়ণে
গ) কৃত্তিবাস রামায়ণে ঘ) চন্দ্রাবতী রামায়ণে খ

১৫২. প্রাচীন আর্যসমাজে কৃষিকাজ বা ব্যাবসাবাণিজ্য করত কারা? [জ্ঞান]
ক) ব্রাহ্মণেরা খ) ক্ষত্রিয়েরা
গ) বৈশ্যরা ঘ) শূদ্ররা গ

১৫৩. 'পরমাত্মা' বলতে কী বোঝায়? [অনুধাবন]
ক) পরের আত্মাকে খ) ঈশ্বরকে
গ) নিজের আত্মাকে ঘ) বিশেষ আত্মাকে খ

১৫৪. 'কস্মিনকালেও' শব্দটির অর্থ কী? [জ্ঞান]
ক) অতীতকালেও খ) ভবিষ্যতেও
গ) কখনো ঘ) মাঝে মাঝে গ

▶ বহুপদী সমাপ্তিসূচক প্রশ্নোত্তর

১৫৫. 'শিব' শব্দটি 'সাহিত্যে খেলা' প্রবন্ধে যে অর্থে ব্যবহৃত হয়েছে— [প্রয়োগ]
i. মহাদেব
ii. মঙ্গলকারী দেবতা
iii. দেবরাজ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii ক

১৫৬. যোগবশিষ্ঠ রামায়ণের বৈশিষ্ট্য— [জ্ঞান]
i. বশিষ্ঠ মুনির উপদেশ সংবলিত
ii. যোগ ও আত্মজ্ঞান সম্পর্কিত উপদেশ রয়েছে
iii. পাঠকপ্রিয়তা পায়নি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii ঘ

★ পাঠ-পরিচিতি | বোর্ড বই পৃষ্ঠা-৩৯ TOP TIPS

'সাহিত্যে খেলা' প্রবন্ধটি প্রথম প্রকাশিত হয়— 'সবুজপত্র' পত্রিকায়।
১. 'সাহিত্যে খেলা' প্রবন্ধটি প্রকাশিত হয় 'সবুজপত্র' পত্রিকার— শ্রাবণ ১৩২২ বঙ্গাব্দ (১৯১৫ খ্রিষ্টাব্দ) সংখ্যায়।
২.
৩. 'সাহিত্যে খেলা' প্রবন্ধটি সংকলিত হয়— 'প্রবন্ধসংগ্রহ' বইয়ে।
৪. 'সাহিত্যে খেলা' প্রবন্ধে ফুটে উঠেছে— সাহিত্যচর্চার আদর্শ ও উদ্দেশ্য সম্পর্কে প্রমথ চৌধুরীর মতামত ও দৃষ্টিভঙ্গি।

▶ সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৫৭. 'সাহিত্যে খেলা' কোন জাতীয় রচনা? [জ্ঞান]
ক) প্রবন্ধ খ) উপন্যাস
গ) গল্প ঘ) প্রহসন ক

১৫৮. 'সাহিত্যে খেলা' প্রবন্ধটি সর্বপ্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়? [জ্ঞান]
ক) 'ভারতী' পত্রিকায় খ) 'সবুজপত্র' পত্রিকায়
গ) 'সমাচার দর্পণ' পত্রিকায় ঘ) 'সংবাদ প্রভাকর' পত্রিকায় খ

১৫৯. 'সাহিত্যে খেলা' প্রবন্ধটি 'সবুজপত্র' পত্রিকার কোন সংখ্যায় প্রকাশিত হয়? [জ্ঞান]
ক) ১৩২২ বঙ্গাব্দের শ্রাবণ সংখ্যায়
খ) ১৩২২ বঙ্গাব্দের ভাদ্র সংখ্যায়
গ) ১৩২২ বঙ্গাব্দের আশ্বিন সংখ্যায়
ঘ) ১৩২২ বঙ্গাব্দের অগ্রহায়ণ সংখ্যায় ক

১৬০. 'সাহিত্যে খেলা' প্রবন্ধটি কত সালে 'প্রবন্ধসংগ্রহ' বইয়ে সংকলিত হয়? [জ্ঞান]
ক) ১৯৫২ খ) ১৯৫৩
গ) ১৯৫৪ ঘ) ১৯৫৫ ক

১৬১. 'সাহিত্যে খেলা' প্রবন্ধের নামকরণ কীভাবে করা হয়েছে? [উচ্চতর দক্ষতা]
ক) বিষয়বস্তুর উপর ভিত্তি করে
খ) অন্তর্নিহিত তাৎপর্যের উপর ভিত্তি করে
গ) প্রতীকের উপর ভিত্তি করে
ঘ) বক্তব্যের ধরনের উপর ভিত্তি করে ক

১৬২. 'সাহিত্যে খেলা' প্রবন্ধে ব্যক্ত হয়েছে— [উচ্চতর দক্ষতা]
ক) সাহিত্যের প্রকৃত স্বরূপ খ) সাহিত্যের আদর্শ ও উদ্দেশ্য
গ) সাহিত্য ও খেলাধুলার গুরুত্ব ঘ) সাহিত্যে খেলাধুলার প্রভাব খ

১৬৩. 'সাহিত্যে খেলা' প্রবন্ধে লেখকের— [উচ্চতর দক্ষতা]
ক) মতামত ও দৃষ্টিভঙ্গির মনের পরিচয় পাওয়া যায়
খ) সনাতন মানসিকতার পরিচয় পাওয়া যায়
গ) বিপ্লবী মানসিকতার পরিচয় পাওয়া যায়
ঘ) কোমল মনের পরিচয় পাওয়া যায় ক

প্রাবন্ধিকের মতে, সাহিত্যের উদ্দেশ্য আনন্দদান করা, মানুষের মনে সাড়া জাগানো।

১৬৪. 'সাহিত্যে খেলা' প্রবন্ধটির মূল প্রতিপাদ্য বিষয় কী? [উচ্চতর দক্ষতা]
ক) সাহিত্যের স্বরূপ বিশ্লেষণ
খ) সাহিত্যের উদ্দেশ্য বিশ্লেষণ
গ) সাহিত্যের গুরুত্ব বিশ্লেষণ
ঘ) সাহিত্যের প্রয়োজনীয়তা বিশ্লেষণ খ

১৬৫. 'সাহিত্যে খেলা' নামকরণের মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে— [উচ্চতর দক্ষতা]
ক) সাহিত্যের প্রকৃত রূপ খ) সাহিত্যের প্রকৃত উদ্দেশ্য
গ) সাহিত্য ও খেলাধুলার গুরুত্ব ঘ) সাহিত্যে খেলার গুরুত্ব খ

▶ বহুপদী সমাপ্তিসূচক প্রশ্নোত্তর

১৬৬. 'সাহিত্যে খেলা' প্রবন্ধের তাৎপর্য হলো— [উচ্চতর দক্ষতা]
i. সাহিত্যের প্রকৃত উদ্দেশ্য
ii. সাহিত্যের প্রকৃত গুরুত্ব
iii. সাহিত্যের প্রকৃত স্বরূপ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii খ

Tutor অধ্যায়ভিত্তিক প্রস্তুতি যাচাইয়ের জন্য মোবাইলে POLE অ্যাপটি ব্যবহার করো। এখানে তুমি প্রতিটি প্রশ্নের সম্ভাব্য উত্তরে ক্লিক করে সঙ্গে সঙ্গে জেনে নিতে পারবে উত্তরের সঠিকতা।
POLE Panjeree Online Exam